

**বাহ্য গ্রহের নামকরণ**

\_ IAU100 বাহ্যগ্রহের নামকরণ প্রতিটি দেশকে একটি করে গ্রহ ও নক্ষত্রের নামকরণের সুযোগ দিচ্ছে।

ইন্টারন্যাশনাল অ্যাস্ট্রোনমিক্যাল ইউনিয়নের ১০০ বছর পূর্তি উপলক্ষে এটি পুরো বিশ্বকে সুযোগ দিচ্ছে বাছাই করা একটি করে গ্রহ এবং তার নক্ষত্রের নামকরণের। প্রায় ৯৪টি দেশ এই কর্মসূচিতে ইতোমধ্যে অংশগ্রহণ করেছে। এই কর্মসূচিগুলো রাষ্ট্রীয়ভাবে সাধারণ জনগণের ভোটের মাধ্যমে করা হবে। এই কর্মসূচির উদ্দেশ্য পুরো পৃথিবীতে জ্যোতির্বিজ্ঞান নিয়ে সচেতনতা গড়ে তোলা এবং বহির্বিদ্যমান সত্যতা নিয়ে আগ্রহী করে তোলা।

বিগতবছরগুলোতে জ্যোতির্বিজ্ঞানীরা অসংখ্য গ্রহ আবিষ্কার করেছে যারা তার নিকটবর্তী নক্ষত্রকে কেন্দ্র করে ঘুরছে। কোনটি পৃথিবীর মতো ছোট এবং পাথুরে, কোনোটা বৃহস্পতির মতো গ্যাসীয় দানব। এটা এখন বিশ্বাস করা হয় যে মহাবিশ্বে এমন অনেক গ্রহ থাকতে পারে যার বৈশিষ্ট্য পৃথিবীর মতো। মহাবিশ্বে এরকম অসংখ্য নক্ষত্র আছে যেগুলোতে প্রাণ ধারণের উপযোগী বৈশিষ্ট্যের গ্রহ থাকতে পারে। সেই গ্রহগুলোতে প্রাণ থাকার প্রচুর সম্ভবনা আছে।

IAU কর্তৃপক্ষ দাপ্তরিকভাবে বাহ্যগ্রহের নাম করে থাকে। সংস্থাটির ১০০ বছর পূর্তি উপলক্ষে এটি পুরো পৃথিবীকে মহাকাশ গবেষণায় অবদান রাখতে আহ্বান করেছে। ২০১৫ সালে এটি নামকরণ প্রতিযোগীতার মাধ্যমে প্রথমবারের মতো বাহ্যগ্রহের নামকরণের সুযোগ দেয় যেখানে ১৯টি বাহ্যগ্রহের নামকরণ করা হয়। IAU 100 কর্মসূচির মাধ্যমে একই ধরনের সুযোগ আবার পাওয়া যাচ্ছে। প্রত্যেকটি দেশকে এটি করে গ্রহ এবং তার নক্ষত্র বাছাই করে দেওয়া হয়েছে যেটি সেই দেশ থেকে খালি চোখে অথবা ছোট টেলিস্কোপ দিয়ে দৃশ্যমান। IAU-100 কর্মসূচিটি ইতিহাসে দ্বিতীয়বার বাহ্যগ্রহের নামকরণের সুযোগ।

"এই ঘটনাটি পুরো বিশ্বকে চিন্তা করতে উদ্দীপনা জোগাচ্ছে যে আমরা একই মহাবিশ্বে থাকি এবং আমরা বৈশ্বিক নাগরিক"  
- ডেলরা ইলমিগ্রিন, প্রেসিডেন্ট, আইএইউ  
"বাহ্যগ্রহের নামকরণ কর্মসূচি আমাদের মনে করে দিবে আমরা একই আকাশের নিচে থাকি"

আইএইউ অনেক সতর্কতার সাথে গবেষণা করে প্রত্যেকটি দেশকে এমন গ্রহ এবং নক্ষত্র দিয়েছে যেটি সেই দেশ থেকে দৃশ্যমান।

প্রত্যেকটি দেশকে তার বাহ্যগ্রহের নামকরণের জন্য একটি করে কমিটি দেওয়া হয়েছে যেটি এই কর্মসূচিটি দেশের জাতীয় সমন্বয়কারীর মাধ্যমে রাষ্ট্রীয়ভাবে পরিচালনা করে থাকবে। এই কমিটি IAU এর দেওয়া নীতি ও শর্ত মেনে পুরো দেশ থেকে ভোটের মাধ্যমে বাহ্যগ্রহের নাম গ্রহণ করবে। এই নামকরণ কর্মসূচিতে দেশের সাধারণ মানুষের উপস্থিতি থাকবে।

## IAU Press Release

এই প্রতিযোগিতাটি জুন থেকে নভেম্বর ২০১৯ এর মধ্যে হবে এবং এটির ফলাফল ডিসেম্বর ২০১৯ এ ঘোষণা করা হবে পুরো বিশ্বজুড়ে। বিজয়ী নামটি পুরো পৃথিবীজুড়ে ওই গ্রহ এবং নক্ষত্রটির পরিচিতি, বৈজ্ঞানিক নামকরণে মুক্তভাবে ব্যবহার করা হবে, নামদাতার পরিচয় সহ।

তথ্য:

১/ প্রত্যেকটি দেশকে এমন একটি গ্রহ এবং নক্ষত্র দেওয়া হয়েছে যেটি সেই দেশের রাজধানী থেকে খালি চোখ/ছোট টেলিস্কোপ দিয়ে দেখা যায়। প্রত্যেকটি গ্রহই একটি একক তারাকে কেন্দ্র করে ঘুরছে। গ্রহগুলি ডোপলার মেথড অথবা ট্রান্সজিট মেথডে আবিষ্কার করা হয়েছে। প্রায়ই দেখা যায় ওই গ্রহটির সাথে দেশটির কোন সম্পর্ক রয়েছে। হতে পারে ওই গ্রহটি আবিষ্কার করার যন্ত্রপাতি সেই দেশটি থেকে ব্যবহার করা হয়েছে অথবা সেখানের বিজ্ঞানীরা গ্রহটি আবিষ্কারের সাথে জড়িত। এই গ্রহগুলি অনেক আগেই আবিষ্কার করা হয়েছে এবং অনেক বছর পর্যবেক্ষণ করার পর সেটার উপস্থিতি নিশ্চিত করা হয়েছে। বেশিরভাগ গ্রহই ২০১২ সালের পূর্বে আবিষ্কার করা হয়েছে। এগুলো দৃশ্যমান আলো 6 থেকে 12 এককের মধ্যে থাকে। বেশিরভাগ গ্রহ ডোপলার অথবা ট্রান্সজিট পদ্ধতিতে আবিষ্কার করা হয়েছে যার সবখানে ভূমি-দূরবীক্ষণ যন্ত্র ব্যবহার করা হয়েছে। আবিষ্কার প্রত্যেকটি গ্রহই গ্যাসীয়, বৃহস্পতি এবং শনির মতো। এদের ভর বৃহস্পতির ভরের শতকরা দশ অনুপাত থেকে পাচশত হতে পারে। এমনটাও হওয়া সম্ভব গ্রহটির অতিরিক্ত আরেকটি সোলার সিস্টেম আছে যেটি ভবিষ্যতে আবিষ্কার হতে পারে। সুতরাং এই কর্মসূচিটি প্রত্যেকটি দেশকে বাহ্যগ্রহের নামকরণের জন্য সমান সুযোগ দিচ্ছে।

আইএইউ একটি আন্তর্জাতিক জ্যোতির্বিজ্ঞান সংস্থা যেখানে প্রায় ১৩৫০০ জনের বেশি জ্যোতির্বিজ্ঞানী, অধ্যাপক আছে পুরো পৃথিবীর একশটির বেশী দেশ থেকে। এটির লক্ষ্য জ্যোতির্বিজ্ঞানকে পুরো বিশ্বের মধ্যে প্রচার করা। সংস্থাটি পুরো পৃথিবীতে জ্যোতির্বিজ্ঞান নিয়ে গবেষণা, অনুসন্ধান, যোগাযোগ, শিক্ষা এবং বিভিন্ন কর্মসূচি পরিচালনা করতে সহায়তা করে। সংস্থাটি আন্তর্জাতিকভাবে বাহ্যগ্রহের নামকরণ করে থাকে। ১৯১৯ সালে সংস্থাটি প্রতিষ্ঠিত হয়।

Name ExoWorlds website: <http://nameexoworlds.iau.org/>

IAU100 website: <https://www.iau-100.org/>

যোগাযোগ

Eric Mamajek

Jet Propulsion Laboratory/California Institute of Technology

IAU100 NameExoWorlds Steering Committee co-chair

Email: [emamajek@gmail.com](mailto:emamajek@gmail.com)

**IAU Press Release**

Alain Lecavelier des Etangs  
Institut d'Astrophysique de Paris  
IAU100 NameExoWorlds Steering Committee co-chair  
Email: lecaveli@iap.fr

Eduardo Monfardini Penteado  
IAU100 NameExoWorlds Project Manager  
Email: monfpent@gmail.com

Lina Canas  
IAU International Outreach Coordinator  
Email: lina.canas@nao.ac.jp  
Jorge Rivero González  
IAU100 Coordinator  
Email: rivero@strw.leidenuniv.nl